

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৭১
শান্তিরবাজার, ১৬ জানুয়ারি, ২০২৫

১৯ জানুয়ারি থেকে পিলাক প্রত্ন ও পর্যটন উৎসব

আগামী ১৯ জানুয়ারি থেকে পশ্চিম পিলাক দ্বাদশ শ্রেণি বিদ্যালয় মাঠে ৩ দিনব্যাপী পিলাক প্রত্ন ও পর্যটন উৎসব শুরু হবে। রাজ্য ও বহিঃরাজ্যের শিল্পীরা ঐতিহ্যবাহী এই উৎসবে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবেন। উৎসবে রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে প্রদর্শনী মন্ডপ খোলা হবে। আজ পশ্চিম পিলাক দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে এই উৎসবকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, জেলাইবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান তাপস দত্ত, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক কৃষ্ণ চন্দ্র গুপ্তা, জেলাইবাড়ি ব্লকের বিডিও মানস ভট্টাচার্য এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
